দৈনিক
ইত্তেফাক

তারিখ ..25 NOV 2016.....
পৃষ্ঠা ...৪... কলাম.....২......

# শনিবার শাবির ভর্তি পরীক্ষা

■ শাবি সংবাদদাতা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষ প্রথম সেমিস্টারের ভর্তি পরীক্ষা আগামীকাল শনিবার অনুষ্ঠিত হবে। সকাল সাড়ে ৯টায় 'এ' ইউনিট এবং দুপুর আড়াইটায় 'বি' ইউনিটের অনুষ্ঠিত হবে ভর্তি পরীক্ষা। ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ভর্তি পরীক্ষার আসন-বিন্যাস প্রকাশিত হয়েছে। পরীক্ষার সময় সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ও দুই কপি প্রবেশপত্র সঙ্গে নিয়ে আসতে হবে। এ ক্ষেত্রে ছবি সত্যায়িত করা লাগবে না। প্রবেশপত্রের জন্য ww.sust.teletalk.com.bd ওয়েব সাইটে গিয়ে সংশ্লিষ্ট ইউনিটের ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রবেশপত্র প্রিন্ট করা যাবে। ভর্তি কমিটি জানায়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ সিলেট নগরীর ৩৫টি কেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীরা www.sust.edu/admission/seat-plan এ আসন বিন্যাস জানতে পারবে। তাছাড়া যে কোনো মোবাইল ফোনের মেসেজ অপশনের গিয়ে SUST SEAT PLAN Roll-No লিখে ১৬২৪২ এ নম্বরে ক্ষুদে বার্তা পাঠিয়েও জানা যাবে। ভর্তি পরীক্ষা কমিটির সদস্য সচিব অধ্যাপক ড. এএইচএম বেলায়েত হোসেন জানান, এবারের ভর্তি পরীক্ষায় 'এ' ইউনিটের ৬১৩টি আসনের বিপরীতে ১৮ হাজার ৪৮৭ জন এবং 'বি' ইউনিটে ৯৫০টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৩৫ হাজার ৫৪৩ জন।